যায়যায়দিন

তারিখ ... 23 MAY 2008

পৃষ্ঠা ৩ কলাম ৫

# সরকারি প্রতিষ্ঠানের শিক্ষকদের বিএড ট্রেনিং নেয়ার প্রজ্ঞাপন বাতিলের দাবি

যাযাদি রিপোর্ট

সরকারি মাধ্যমিক স্কুল ও বেসরকারি অনুদানপ্রাপ্ত স্কুলে শিক্ষকদের সরকারি প্রতিষ্ঠান থেকে বিএড ট্রেনিং নেয়ার বিষয়টি বাধ্যতামূলক করেছে সরকার। যা শিক্ষা ক্ষেত্রে বৈষম্যের সৃষ্টি করেছে। সরকারের জারি করা এ সংক্রান্ত প্রজ্ঞাপন অবিলম্বে বাতিলের দাবি জানিয়েছে বেসরকারি টিচার্স ট্রেনিং কলেজ টিচার্স অ্যাসোসিয়েশন।

গতকাল তেজগাঁও চার্চ কমিউনিটি সেন্টারে সংগঠনের এক জরুরি সভায় এ দাবি জানানো হয়। সংগঠনের সভাপতি মোঃ মোজাম্মেল হকের সভাপতিত্বে সভায় বক্তারা বলেন, ন্যাশনাল ইউনিভার্সিটির অধিভুক্ত সরকারি ও বেসরকারি শিক্ষক প্রশিক্ষণ কলেজগুলো একই কারিকুলামে, একই প্রশ্নপত্রে পরীক্ষা দিয়ে নিজেদের মেধার পরিচয় দিচ্ছে। এ অবস্থায় এই ধরনের সরকারি প্রজ্ঞাপন শিক্ষা ক্ষেত্রে বড় ধরনের বৈষম্যের সৃষ্টি হবে।

তিনি বলেন, বেসরকারি টিচার্স ট্রেনিং কলেজগুলো মোট প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকের ৭৫ শতাংশ এরও বেশি শিক্ষকদের ট্রেনিং দিয়ে আসছে। কিন্তু সরকারের এমন সিদ্ধান্তে শিক্ষা ক্ষেত্রে বৈষম্যের সৃষ্টি হচ্ছে। সভায় সরকারকে এসব বৈষম্যমূলক সিদ্ধান্ত নেয়া থেকে বিরত থাকার আহ্বান জানানো হয়। সরকার এ সিদ্ধান্ত পরিবর্তন না করলে ১০০ কলেজ আন্দোলন ও আইনের মুখোমুখি হবে বলে সভায় জানানো হয়।

সভায় আরো বক্তব্য রাখেন সংগঠনের সাধারণ সম্পাদক মোঃ দেলোয়ার হোসেন, সাংগঠনিক সম্পাদক নবী নেওয়াজ, কোষাধ্যক্ষ শিলা বার্নাডেট গোমেজ, যুগ্ম সম্পাদক ফয়জুননেসা, আল মুজাহিদ ফকির প্রমুখ।